

QP Code : 18UT18EBG7

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা
ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮
ঐচ্ছিক পাঠক্রম
বাংলা (Bengali)

সপ্তম পত্র

Lokasahitya Ebong Bharatiya Sahitya : EBG-7

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর
কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

(লোকসাহিত্য : ৫০)

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ১ = ২০

- (ক) ‘লোককথা’র সংজ্ঞা, প্রকৃতি ও অভিপ্রায় আলোচনা করে ‘রূপকথা’ ও ‘উপকথা’র পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন। ‘আরব্য উপন্যাস’ ‘লোককথা’ কি না, সে সম্পর্কে আপনার অভিমত লিপিবদ্ধ করুন। ১২ + ৮
- (খ) বাংলা রত্নের মধ্যে একদিকে জাদুবিশ্বাস ও অন্যদিকে সমাজ-নৃবিজ্ঞানের প্রভাব লক্ষ করা যায়। — এই দ্বিবিধ প্রকৃতির পরিচয় উদাহরণসহ বুঝিয়ে দিন।

B.A.-11608-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT18EBG7 2

(গ) “মধ্যযুগের বাংলা সাহিত্যে ‘মৈমনসিংহ-গীতিকা’র স্বাতন্ত্র্য অনস্বীকার্য।” — উক্তিটির যার্থ্য নিরূপণ করুন।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) :

১০ × ২ = ২০

- (ক) লোকসংস্কৃতির শ্রেণিবিভাগ করে শ্রেণিবিন্যাস অনুযায়ী উদাহরণসহ তার পরিচয় দিন।
- (খ) বাংলা আঞ্চলিক লোকসঙ্গীত হিসেবে গন্ধীরা এবং ভাটিয়ালির সংক্ষিপ্ত আলোচনা করুন।
- (গ) বাংলা ধাঁধার গঠন, বিষয়বস্তু ও প্রকৃতি সম্পর্কে আলোচনা করে প্রকৃতি বিষয়ক অন্তত একটি ধাঁধার উদাহরণ দিন।
- (ঘ) ছড়ায় কথান্তর বা রূপান্তর কীভাবে ঘটে থাকে দৃষ্টান্তসহ তা দেখান।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) :

৫ × ২ = ১০

- (ক) ছড়ার বিষয় বৈচিত্র্যের পরিচয় দিন।
- (খ) বাংলা গীতিকায় ত্রিধারার প্রথম ধারা ‘নাথগীতিকা’ সম্পর্কে আলোচনা করুন।
- (গ) ‘পালাটিয়া’ ও ‘আলকাপ’ সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।
- (ঘ) রত্নের ‘আলপনা’ সম্পর্কে আলোচনা করুন। রত্নের অনুষ্ঠানে আলপনার গুরুত্ব কতখানি বুঝিয়ে দিন।

B.A.-11608-W

বিভাগ – খ

(আধুনিক ভারতীয় সাহিত্য : ৫০)

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

 $২০ \times ১ = ২০$

(ক) ‘সদগতি’ গল্পটি বিশ্লেষণ করে, এই কাহিনীতে মুন্সি প্রেমচাঁদের সমাজচেতনার যে পরিচয় মেলে, সেটি বিশ্লেষণ করুন।

(খ) প্রতীক ও সংকেতের ব্যঞ্জনা ‘কুঞ্জবনের ক্ষ্যাপা’ গল্পটিকে কীভাবে শিল্পসিদ্ধি দান করেছে, আলোচনা করে দেখান।

(গ) ‘চেম্বীন’ উপন্যাসের নায়ক কে — পালানি, না পারীকুটি? আলোচনা করে দেখান।

৫। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) :

 $১০ \times ২ = ২০$

(ক) আধুনিক কালের ভারতীয় সাহিত্য কেমন করে তৈরি হয়েছিল সে সম্পর্কে আলোচনা করুন।

(খ) ইসমত চুগতাইয়ের সাম্প্রদায়িক গোঁড়ামি-বিরোধী মনটি কীভাবে ‘বাচ্চা’ গল্পে উদ্ভাসিত হয়েছে তা দেখান।

(গ) ‘চোপ্, আদালত চলছে’ নাটকের মূল বক্তব্যটি এর নায়িকা লীলা বেনারেকে অবলম্বন করে উপস্থাপিত হয়েছে — আলোচনা করুন।

(ঘ) ‘চেম্বীন’ উপন্যাসে সমুদ্র কতখানি গুরুত্ব পেয়েছে — সেটি বিশ্লেষণ করুন।

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) :

 $৫ \times ২ = ১০$

(ক) ‘প্যান-এশিয়ান-এপিক’ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ভারতীয় সাহিত্য সম্পর্কে রাখাক্ষণ কী বলেছেন?

(খ) ‘বাচ্চা’ গল্পে তিনজন ‘মায়ের’ কথা আছে — এদের পরিচয় লিখুন।

(গ) জাদু-বাস্তবতা এবং হ্যালুসিনেশ্যনের সূত্রে ক্ষ্যাপার জীবনে চূড়ান্ত উত্তরণ ঘটেছে — ‘কুঞ্জবনের ক্ষ্যাপা’ গল্প অবলম্বনে আলোচনা করুন।

(ঘ) মি. ও মিসেস্ কাশিকার ‘চোপ্ আদালত চলছে’ নাটকের অন্য সব পার্শ্বচরিত্রের চেয়ে কিছুটা কম গুরুত্বপূর্ণ — কেন তা সংক্ষেপে লিখুন।